

# **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৬১৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬৪২]

৪৬। সদ্যবহার, আত্মীয়তার সম্পর্ক রক্ষা ও শিষ্টাচার (کتاب البر والصلة والآداب)

পরিচ্ছেদঃ ৫১. যদি সৎলোকের গুণ বর্ণনা করা হয় তবে তা সুসংবাদ তার জন্যে ক্ষতি নয়

باب إِذَا أُثْنِيَ عَلَى الصَّالِحِ فَهِيَ بُشْرَى وَلاَ تَضُرُّهُ

#### আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى التَّمِيمِيُّ، وَأَبُو الرَّبِيعِ، وَأَبُو كَامِلٍ فُضَيْلُ بْنُ حُسَيْنٍ \_ وَاللَّفْظُ لِيَحْيَى \_ قَالَ يَحْيَى أَخْبَرَنَا وَقَالَ الآخَرَانِ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَبِي عِمْرَانَ الْجَوْنِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ، عَنْ أَبِي ذَرِّ، قَالَ قِيلَ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَرَأَيْتَ الرَّجُلَ يَعْمَلُ الْعَمَلَ مِنَ الْخَيْرِ وَيَحْمَدُهُ النَّاسُ عَلَيْهِ قَالَ " تِلْكَ عَاجِلُ بُشْرَى الْمُؤْمِنِ " .

#### বাংলা

৬৬১৪-(১৬৬/২৬৪২) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া আত তামীমী, আবু রাবী', আবূ কামিল ফুযায়ল ইবনু হুসায়ন (রহঃ) ..... আবু যার গিফারী (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সমীপে আবেদন করা হলো, ঐ লোক সম্পর্কে আপনার কি মতামত, যে সৎ আমল করে এবং মানুষেরা তার গুণ বর্ণনা করে? তিনি বললেন, এটা মুমিনের জন্যে দ্রুত সুবার্তা।\* (ইসলামিক ফাউন্ডেশন ৬৪৮০, ইসলামিক সেন্টার ৬৫৩২)

## **English**

### Abu Dharr reported:

It was said to Allah's Messenger (ﷺ): What is your opinion about the person who has done good deeds and the people praise him? He said: It is glad tidings for a believer (which he has received in this mortal world).

### ফুটনোট

\* উলামারা বলেন, তার জন্যে এটা নগদ সুসংবাদ। আর সেটাই পরকালের প্রতি পরবর্তী সুসংবাদের দলীল।



যেমন আল্লাহ বলেন, "আজ তোমার সৌজন্যে জান্নাতের সুসংবাদ। তাৎক্ষণিক সুসংবাদটি আল্লাহ তার উপর সম্ভষ্টি ও তার প্রতি মুহাব্বাতের উপর প্রমাণ স্বরূপ। যা তাকে সকলের নিকটে প্রিয় বানিয়ে দেয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন